সমকাল

তারিখ ... 18 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# আন্দোলনে নামছেন ইবতেদায়ি শিক্ষকরা

■ সমকাল প্রতিবেদক

জাতীয়করণের দাবিতে রাজপথে আন্দোলনে নামছেন ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা। নিবন্ধিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের পর এবার স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে আন্দোলনের ঘোষণা দিয়েছে 'বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি'। দাবি বাস্তবায়নে আগামী ২৬ এপ্রিল মানববন্ধন করে লাগাতার অবস্থান কর্মসূচির ঘোষণা দেবে সংগঠনটি।

গতকাল সোমবার রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ মিলনায়তনে জেলা শিক্ষক প্রতিনিধিদের মতবিনিময় সভায় সংগঠনের পক্ষ থেকে এ ঘোষণা দেন শিক্ষক নেতারা।

সভায় তারা জানান, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা ও প্রাইমারি শিক্ষকদের ১৯৯৪ সালে একই পরিপত্রে ৫০০ টাকা বেতন নির্ধারণ করা হয়েছিল। পরবর্তী সময়ে নিবন্ধিত ২৬ হাজার ১৯৩টি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়। অন্যদিকে এক হাজার ৫১৯টি মাদ্রাসার শিক্ষকরা মানবেতর জীবন যাপন করছেন।

সংগঠনের সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী বলেন, '২০১৩ সালে মহাজোট সরকার ১ হাজার ৫১৯টি প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে এক হাজার টাকা সম্মানী ও ২০০ টাকা মহার্ঘ্য ভাতা ঘোষণা করে। শিক্ষককরা সামান্য এ অর্থ পেলেও আরও প্রায় সাড়ে পাঁচ হাজার নিবন্ধিত মাদ্রাসার শিক্ষকরা বিনা অর্থে শ্রম দিচ্ছেন। এ ছাড়া ১০ মাস ধরে সব শিক্ষকের বেতন বন্ধ রয়েছে। বর্তমানে শিক্ষকরা খেয়ে-না খেয়ে দিন কাটাচ্ছেন। এ অবস্থায় জাতীয়করণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাব।'

এতে সংগঠনের মহাসচিব কাজী মোকলেছুর রহমান, সহসভাপতি নজরুল ইসলাম হিরণ ও আবদুর রহমান, কেন্দ্রীয় সহপ্রচার সম্পাদক সাইফ উল্লাহ হেলাল এবং জেলা শিক্ষক প্রতিনিধিরা বক্তব্য রাখেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............................
তারিখ..................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর